

মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ সেলিম রেজা, প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ : ২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ || ০৭ ডিসেম্বর ২০২৩
সময় : বেলা ১২.০০ ঘটিকা
স্থান : সভাকক্ষ, ৮ম তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক”


সভার প্রারম্ভে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। সভায় মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী শহিদ বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহতসহ সকল বীর মুক্তিযোদ্ধা, তাঁদের পরিবারবর্গ এবং পরম আত্মত্যাগকারী মা-বোনদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। মহান বিজয় দিবস ২০২৩ উদযাপন উপলক্ষ্যে বিগত ০১ আগস্ট ২০২৩ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়।

অতঃপর আগামী ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখ মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় সুন্দর, সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	তারিখ ও সময়	কর্মসূচি/সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	১৬/১২/২০২৩ খ্রি: সূর্যোদয়ের সাথে সাথে	(ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অফিসসমূহ ও অন্যান্য স্থাপনায় পতাকা বিধি অনুসরণ পূর্বক জাতীয় পতাকা উত্তোলন।	সম্মানিত কাউন্সিলর (সকল) সচিব আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ
		(খ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের দৃশ্যমান উঁচু ভবনসমূহে বাংলাদেশের বৃহদাকারের জাতীয় পতাকা উত্তোলন।	সম্মানিত কাউন্সিলর (সকল) প্রকৌশল বিভাগ আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) ভান্ডার ও ক্রয় বিভাগ
২.	১৫/১২/২০২৩ এবং ১৬/১২/২০২৩ খ্রি:	(ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ভবন/স্থাপনাসমূহে জাঁক জমকপূর্ণভাবে আলোকসজ্জা। অন্যান্য প্রতিষ্ঠানসমূহকেও এ বিষয়ে উৎসাহিত করতে হবে।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ)
		(খ) মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সৌন্দর্যবর্ধক পানির ফোয়ারাসমূহ সকাল ও সন্ধ্যায় চালু রাখা।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ)
৩.	১৬/১২/২০২৩ খ্রি:	ঢাকা শহরের প্রধান প্রধান সড়ক ও সড়কদ্বীপ এবং বিভিন্ন স্থাপনাসমূহে জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিতকরণ।	সম্মানিত কাউন্সিলর (সকল) প্রধান রাজস্ব কর্মকর্তা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল) সৌন্দর্যবর্ধন সেল
৪.	১৬/১২/২০২৩ খ্রি:	শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/ যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা	সম্মানিত কাউন্সিলর (সকল) আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) প্রধান সমাজকল্যাণ ও বন্দি উন্নয়ন

		করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা। সম্মানিত কাউন্সিলরগণ এর অনুকূলে ২৫,০০০/- এবং আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণের অনুকূলে ২৫,০০০/- টাকা প্রদান করতে হবে।	কর্মকর্তা প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
৫.	১৬/১২/২০২৩ খ্রি:	নগর ভবন, প্রধান কার্যালয়ে শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/যুক্রাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা।	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
৬.	১৬/১২/২০২৩ খ্রি:	শিশু পার্কসমূহ শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকেটে প্রদর্শনীর ব্যবস্থা করা।	প্রধান সম্পত্তি কর্মকর্তা
৭.	১৬/১২/২০২৩ খ্রি:	মহান বিজয় দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং গুরুত্বপূর্ণ অতিথিবৃন্দের সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে যাতায়াতের পথ সংস্কার পরিষ্কার-পরিচ্ছন্ন করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।	প্রধান প্রকৌশলী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
৮.	১৬/১২/২০২৩ খ্রি:	মহান বিজয় দিবস ২০২৩ উপযাপন উপলক্ষ্যে বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা অনুষ্ঠান ডিসেম্বরের শেষ দিকে অনুষ্ঠিত হবে।	প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা

সভাপতি মহান বিজয় দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপনে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 মোঃ সেলিম রেজা
 প্রধান নির্বাহী কর্মকর্তা
 ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নং: ৪৬.১০.০০০০.০০৬.২৩.১৭৩.১২- ২০১

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০
০৭ ডিসেম্বর ২০২৩

বিতরণ: (পদমর্যাদার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং/সংরক্ষিত আসন নং, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. বিভাগীয় প্রধান (সকল),ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী.....ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮. জনাব.....।
৯. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। ডিএনসিসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০. অফিস কপি।